# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

২২ মে ২০২৩খ্রি

### শিক্ষার্থীদের সচেতন করতে প্রশিক্ষণ দিচ্ছে চসিক

সড়ক নিরাপত্তা ও নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের প্রশিক্ষণের উদ্যোগ নিয়েছেন মেয়র।

সোমবার প্রথম ধাপে চসিকের আওতাধীন ২০ টি স্কুলের প্রতিটি স্কুলের একজন করে শিক্ষক ও দুজন করে শিক্ষার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ গ্রহণ করা শিক্ষক-শিক্ষার্থীরা পরবর্তীতে স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের বাকী শিক্ষক-শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করবেন। কর্মশালার আয়োজনে চসিককে সহায়তা করছে সেভ দ্য চিলড্রেন ও ইয়ং পাওয়ার ইন সোশ্যাল অ্যাকশনের (ইপসা)।

কর্মশালার উদ্বোধক চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চসিকের আওতাধীন ৭৫ হাজার শিক্ষার্থীকে সচেতন নাগরিক হিসেবে গড়তে এই উদ্যোগ নিয়েছি। সচেতন শিক্ষার্থীদের নেতৃত্বে সুন্দর চট্টগ্রাম গড়ে উঠবে এ প্রত্যাশায় এই প্রশিক্ষণ চলমান থাকবে।

কর্মশালায় চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মো. তৌহিদুল ইসলাম স্বাগত বক্তব্যে বলেন, আমাদের লক্ষ্য আগামী দুই মাসের মধ্যে চসিকের আওতাধীন সব শিক্ষক-শিক্ষার্থীদের সড়ক নিরাপত্তা ও নিরাপদ খাদ্য বিষয়ে প্রশিক্ষিত করা।

অনুষ্ঠানে চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার বলেন, আজকের শিক্ষার্থীরা সড়ক নিরাপত্তা ও নিরাপদ খাদ্য সম্পর্কে নানা বিষয় জানতে পেরেছে, যা তারা তাদের দৈনন্দিন জীবনে কাজে লাগাবে। একইসাথে তারা তাদের সহপাঠীদের এসব বিষয় সম্পর্কে শেখাতে পারবে। এর ফলে আমরা চট্টগ্রামে সড়ক নিরাপত্তা ও নিরাপদ খাদ্য নিশ্চিত করতে পারবো।

কর্মশালায় শিক্ষার্থীদের নিরাপদে সড়ক ব্যবহারের বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ব্লুমবার্গ ফিলানথ্রপিস ইনিশিয়েটিভ ফর গ্লোবাল রোড সেফটির (বিআইজিআরএস) ট্রান্সপোর্ট কোঅর্ডিনেটর মাহিয়াত হাসনা। তিনি নিরাপদে সড়ক পারাপার ও পথচলার বিষয়ে আলোকপাত করেন। এছাড়াও শিক্ষার্থীদের নিরাপদে সাইকেল চালনা এবং অন্যান্য যানবাহন ব্যবহারের কলাকৌশল তুলে ধরেন বিআইজিআরএসের সার্ভিলেন্স কোঅর্ডিনেটর কাজী সাইফুন নেওয়াজ। কর্মশালায় নিরাপদ খাদ্য গ্রহণ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন নিরাপদ খাদ্য কর্মকর্তা ফারহান ইসলাম।

কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন চসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহীন-উল ইসলাম, জনসংযোগ ও প্রটোকল অফিসার আজিজ আহমদ, ইপসার প্রজেক্ট কোঅর্ডিনেটর সানজিদা আকতার এবং বিআইজিআরএসের কর্মকর্তাগণ।

### প্রধানমন্ত্রীকে হুমকিদাতার দৃষ্টান্তমূলক শাস্তির দাবি চসিক মেয়রের

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দেয়া ব্যাক্তির দৃষ্টান্তমূলক শাস্তি চান চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার এক বিবৃতিতে মেয়র বলেন, পঁচাত্তরের ঘাতকদের প্রেতাত্মা দেশের চলমান উন্নয়নের ধারা দেখে ঈর্ষান্বিত। হায়েনাদের এই দলের একজন প্রতিনিধি চলমান উন্নয়নের রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দিচ্ছে। এই হুমকিদাতাকে এমন দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে যাতে আর কেউ পঁচাত্তরের পুনরাবৃত্তি ঘটানোর কথা ভাবতেও ভয় পায়। জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে ষড়যন্ত্র হচ্ছে মন্তব্য করে মেয়র বলেন, একাত্তরে পরাজিত স্বাধীনতাবিরোধী গোষ্ঠী পিছনের দরজা দিয়ে ক্ষমতার অন্দরমহলে প্রবেশের দিবাস্বপ্ন দেখছে। এই হুমকি সেই দু:স্বপ্নেরই অংশ। নির্বাচন ছাড়া কোন ধরনের ষড়যন্ত্রের মাধ্যমে কেউ ক্ষমতায় আসার চেষ্টা করলে তাকে প্রতিহত করতে চট্টগ্রামের জনগণকে নিয়ে মাঠে নামব। একাত্তরে একবার মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছি, প্রয়োজনে প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের স্বাধীনতা আর উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় আবারো যুদ্ধ করব।

### হতদরিদ্রদের জীবনমান উন্নয়নে একসাথে কাজ করবে চসিক, এডিবি, ইউএনডিপি

চট্টগ্রামের হতদরিদ্রদের জীবনমান উন্নয়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে একযোগে কাজ করবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং ইউনাইটেড নেশনস ডেভেলপম্যান্ট প্রোগ্রাম (ইউএনডিপি)।

সোমবার  চট্টগ্রামের হতদরিদ্র শ্রেণীর বিভিন্ন সমস্যা এবং তা সমাধানে কর্মকৌশল নির্ধারণে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সভা করেন ইউএনডিপির আবাসিক প্রতিনিধি স্টিফেন লিলার (Stefan Liller) এবং এডিবির কান্ট্রি ডিরেক্টর এডিমন গিনটিং (Edimon Ginting)।

এসময় চট্রগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মোহাম্মদ তৌহিদুল ইসলাম দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সংস্থা দু'টির চট্টগ্রামে চলমান প্রকল্পের অগ্রগতি এবং সামনে চট্টগ্রামের উন্নয়নে আরো যেসব কাজ সমন্বিতভাবে করা যায় তা তুলে ধরেন।

এর আগে প্রতিষ্ঠানদুটির উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল  চট্টগ্রাম সিটি কর্পোরেশনে বাস্তবায়নাধীন প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (LIUPCP) এলাকাভুক্ত ৫ নং মোহরা ওয়ার্ডের জেলেপাড়া সিডিসি এবং ৯ নং ওয়ার্ডের বিজয়নগর ছড়ার পাড় সিডিসি পরিদর্শনে যান। দলটি কমিউনিটিতে পৌঁছালে তাদেরকে স্থানীয় উপকারভোগীরা উষ্ণ অভ্যর্থনা জানান এবং প্রকল্পের মাধ্যমে তাদের অগ্রগতি সমূহের বিবরণ দেন। তারা প্রকল্পের আওতায় আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচিসহ জলবায়ু সহিষ্ণু ভৌত অবকাঠামো উন্নয়নে যেসকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে তা তুলে ধরেন। দলটি প্রকল্পের বিভিন্ন কার্যক্রম ঘুরে দেখেন এবং উপকারভোগীদের সাথে মত বিনিময় করেন। এই প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত রাস্তা, ড্রেন, টয়লেট, ডিওয়াটস, নিরাপদ পানি, এবং দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ, শিক্ষা উপবৃত্তি, পুষ্টি অনুদান ও আয়বৃদ্ধিমূলক ব্যাবসায়িক অনুদান নগরের দরিদ্র মানুষের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে ফলপ্রসূ ভূমিকা রাখছে দেখে তারা উচ্ছ্বাস প্রকাশ করেন।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮